REG. NO. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

১৫শ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ১৬ই শ্রাবণ বুধবার ১৩৩৫ ইংরাজী 1st August 1928. | ১২শ সংখ্যা।

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১৷৷০ টাকা। নগদ মূল্য ৴১০ দুই পয়সা। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য ৴০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴১০ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার ৴০ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদপত্রাদি নিম্নলিখিত ঠিকানায় পাঠাতে হইবে শ্রীবিনয় কুমার পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

## সচিত্র লজ্জতন্নেছা

যে পুস্তক পাঠের আশায় বাঙ্গালার পাঠকগণ এতকাল নিরাশ হইয়াছিলেন ইহা সেই যুগান্তকারী ভোজরাজ মন্ত্রী কোকা পণ্ডিত বিরচিত সকলের আকাঙ্ক্ষিত সচিত্র লজ্জতন্নেছা। যে কামশাস্ত্র জ্ঞানের অধিকারী হওয়ায় কোকা পণ্ডিতকে অশীতিপর বৃদ্ধ হইলেও যুবতীবৃন্দ তাহাকে পাইবার জন্য পাগলিনী প্রায় হইয়া রূপবান ভোজরাজকেও উপেক্ষা করিয়াছিল—ইহাতে সেই কোকা পণ্ডিতের জ্ঞানভাণ্ডার সম্পূর্ণ লিপিবদ্ধ আছে। ইহা জগতের স্ত্রী পুরুষের শ্রেণী, বর্ণ, স্বভাব, আকাঙ্ক্ষাদির বিবরণ সতী অসতী নিরূপণের উপায়, সৎ ও অসৎ, অল্পায়ু ও দীর্ঘায়ু সন্তান হইবার কারণ ও ইচ্ছামত পুত্র কন্যালাভ, সহবাসরীতি পুরুষের প্রতি স্ত্রীর অনুরাগ বৃদ্ধির উপায় রতিক্রিয়া সম্যক উপভোগের পন্থাদি—কামশাস্ত্রীয় সকল গুপ্ত বিষয় বিশদ-ভাবে বর্ণিত আছে। কোকা পণ্ডিতের ন্যায় কামশাস্ত্রজ্ঞ রমণীরঞ্জক হইয়া দীর্ঘজীবন লাভের আশা করিলে এই সুচিত্রিত লজ্জতন্নেছা পাঠ করিতে ভুলিবেন না। মূল্য ১ খানি এক টাকা ডাক মাশুল ।০ চারি আনা।

প্রাপ্তিস্থান—এস, সি, শীল, ১৫।৩ লক্ষ্মী দত্তের লেন, পোঃ বাগবাজার কলিকাতা।

# হিলিংবাম

গত ৩৫ বৎসরের পরীক্ষায় সর্ব্বপ্রকার মেহ রোগের সর্ব্বোৎকৃষ্ট মহৌষধ বলিয়া সমগ্র ভারতবর্ষ ও ভারতবর্ষের বাহিরের দেশ সকলেও পরিচিত, আদৃত ও বহুল পরিমাণে ব্যবহৃত হইতেছে।

**ইহার কারণ হিলিংবামের অসাধারণ উপকারিতা।**

হিলিংবাম ১ মাত্রা হইতে ফল দেখা যায়। একদিনে মেহের জ্বালা যন্ত্রনা আরোগ্য করে। এক সপ্তাহে রোগ আরোগ্য করিয়া নষ্ট স্বাস্থ্য ফিরাইয়া দেয়। স্ত্রী পুরুষ উভয় জাতীয় রোগীকে সম্পূর্ণ আরোগ্য করে।

হিলিংবাম রোগের জড় "গণোকোকাই" নষ্ট করে, তাই হিলিংবামে রোগ সারে, রোগ চাপা পড়ে না অল্পদিনে পুনরাক্রমণ করিতে পায় না। এই কারণে অসংখ্য সুপ্রসিদ্ধ ডাক্তার হিলিংবামের পৃষ্ঠপোষক। দুই চার জনের নাম উল্লেখ করা গেল। ইহাদের সকলেরই সুখ্যাতি পত্র আমরা পাইয়াছি। আই, এম, এস,—কর্ণেল কে, পি, গুপ্ত, এম, ডি, এম, এ; এফ, আর, সি, এস, ইত্যাদি লেঃ কর্ণেল এন, পি, সিংহ, এম, আর, সি, পি, এম,আর, সি, এস একজিঃ অসংখ্য প্রশংসাপত্র পূর্ণ তালিকা পুস্তক পাঠাই পত্র লিখুন।

মূল্য প্রতি বড় শিশি ৩৲
" " মাঝারি শিশি ২৷৷০
" " ছোট শিশি ১৷৵০

## স্যাঙ্গো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর এখন শীত ও বসন্ত আসিতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাঙ্গো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাঙ্গো সেবনে নিবারিত হয়; দেহ সতেজ হয়; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া দাদ, অর্শ, কাউর, বাত আমবাত সর্দ্দি কাশি সমস্তই স্যাঙ্গো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকাল ব্যাপী ঋতু,ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাঙ্গো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতিশিশি (১৬ দিনের উপযোগী) ২৲; ৩টী একত্রে ৫৷৷০
ডাক মাশুলাদি স্বতন্ত্র।

আর, লগিন্ এণ্ড কোং
ম্যানুঃ—কেমিষ্টস্
১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।
টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা

## গুণে গন্ধে সৌরভসম্পদে
## কেশরঞ্জন অদ্বিতীয়।




কে-শ-র-ঞ্জ-ন সৌন্দর্য্য বৃদ্ধি করে।
কে-শ-র-ঞ্জ-ন মুখকে সুন্দর করে।
কে-শ-র-ঞ্জ-ন চুলকে খুব কাল করে।
কে-শ-র-ঞ্জ-ন কেশ পতন বন্ধ করে।
কে-শ-র-ঞ্জ-ন চিন্তাশীলের সহায়।
কে-শ-র-ঞ্জ-ন রমণীর অতি প্রিয়।
কে-শ-র-ঞ্জ-ন শ্রেষ্ঠ প্রেমোপহার।
কে-শ-র-ঞ্জ-ন সবারই নিত্য প্রয়োজন

মূল্য প্রতি শিশি এক টাকা ডাক ব্যয় সাত আনা।

কলেরায় নিরাপদ হইতে হইলে কর্পূরারিষ্ট ঘর ঘরে রাখা উচিত।




মূল্য আট আনা মাত্র | ডাক ব্যয় স্বতন্ত্র।

## কবিরাজ নগেন্দ্রনাথ সেন এণ্ড কোং লিঃ

আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।
১৮।১ ও ১৯নং লোয়ার চিৎপুর রোড কলিকাতা।
ম্যানেজিং ডিরেক্টার—কবিরাজ শ্রীশক্তিপদ সেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ।

১৬ই শ্রাবণ বুধবার ১৩৩৫ সাল।

## কন্যাদায়।

বাংলা দেশে বরপণ গ্রহণ ব্যাপার একটা জঘন্য নৃশংস অত্যাচারের মধ্যে গিয়া দাঁড়াইয়াছে। যে দেশের মধ্যবিত্ত শিক্ষিত লোকে মাথার ঘাম পায়ে ফেলিয়া ও কলম পিষিয়া পেটের ভাত পরণের কাপড় স্বচ্ছন্দে যোগাড় করিতে পারে না সে দেশে কন্যাকে যেন তেন প্রকারে দু'তিন হাজার টাকা অন্ততঃ দিয়া বরের হাতে সমর্পণ করা যে কি ভীষণ ব্যাপার তাহা যে ভুক্তভোগী সেই জানে। মরণের চেয়েও তাই কন্যাদায় আজ দেশে ভীষণ হইয়া দাঁড়াইয়াছে। অভাবের জ্বালায় সুস্থচিত্তে কেহই এখন পুত্রকন্যা কামনা করে না। কন্যাতো নহেই। কিন্তু অন্তরের একান্ত অনিচ্ছায়ও বিধাতার বিধান নড়ে না। কন্যা হইলে সে পিতামাতার একটা মস্ত ভার হয়। বাংলা দেশে কত পিতা কন্যাদায়ে প্রাণ দিয়াছেন, কত সংসার শ্মশান হইয়াছে—কত কন্যা আগুনে পুড়িয়া মরিয়াছে—কিন্তু এই পাপ প্রথা বন্ধ হয় নাই। নিজ নিজ স্বার্থকে প্রাধান্য দিয়া দেশের লোকেই সমাজের উপর, ব্যক্তির উপর এই পাষাণ চাপ চাপাইয়া রাখিয়াছে। জাতির জীবন নারী,—জীবনের মূল উৎসকে অবমাননা করিয়া জাতি ক্রমেই নির্বীর্য্য আশাহীন হইয়া পড়িতেছে। মেয়ের বিবাহ দিতেই হইবে—যেমন করিয়াই হোক ভিটা মাটি বিক্রয় করিয়াও তাহাকে পাত্রস্থ করিতেই হইবে—এই যে ধারণা ইহা সমাজ হইতে দূর করিতে হইবে। নারীকে নিজের চলিবার ক্ষমতা, আত্মরক্ষার ক্ষমতা, সাহস, বুদ্ধি, সবই এখন শিখিতে হইবে। কারণ দেশের যে রকম দিন কাল ক্রমশঃ পড়িতেছে তাহাতে দেখা যায়—পুরুষ কোন দিক দিয়াই নারীর মর্য্যাদা রাখিতে পারিতেছে না। বাংলার তরুণ যুবক সম্প্রদায়েরও কর্ত্তব্য—তাহারা কিছুতেই ভবিষ্যৎ জীবন-সঙ্গিনীর উপর ও তাহার পিতা মাতার উপর এই কর ভার ন্যস্ত না করিয়া সম্মানের সঙ্গে হাসিমুখে জীবন সঙ্গিনীকে গ্রহণ করিতে বদ্ধপরিকর হওয়া। নারী শিক্ষায় আত্ম নির্ভরক্ষম যদি হইতে পারেন তবে সংসার এখনকার চেয়ে অনেক মধুর হইবে, সংসারের অভাব জ্বালাও কমিবে। ভবিষ্যদ্বংশীয়েরাও বুঝি মনুষ্যত্ব কিছু বেশী পাইবে। আপাতদৃষ্টিতে এমন হইলে একটু সামাজিক বিক্ষোভ বিবেচিত হইতে পারে কিন্তু পরিণামে ফল শুভকর হইবে।

## আফগান মহিষী ও মোল্লাগণ।

আফগান মহিষী এবার পাশ্চাত্য দেশ ভ্রমণ উপলক্ষে পর্দ্দাপ্রথা একেবারে ছাড়িয়া দিয়াছেন। এখন আর তিনি অসূর্য্যম্পশ্যা অবগুণ্ঠনবতী নহেন। ইহাতে "মোল্লা সম্প্রদায়" আফগান দম্পতীর উপর বড়ই খাপ্পা হইয়া উঠিয়াছেন। সম্প্রতি মোল্লারা আফগান রাজের সহিত সাক্ষাৎ করিয়া অবগুণ্ঠনের জন্য আবেদন করেন। আফগান রাজ বলিয়াছেন আগে তোমাদের মধ্যে অবগুণ্ঠন প্রথা বজায় রাখিয়া তবে আমাকে বলিতে আসিও। আমরা জানি বাঙ্গালার অনেক মুসলমান দাড়ী না রাখিলেও মুসলমান সমাজ তাঁহাদের কথা অবনত মস্তকে পালন করে তাঁহাদিগকে নেতা বলিয়া মান্য করে। হাজি গজনভি সাহেবের গোঁপ দাড়ী নাই, অথচ তিনি মস্ত নেতা, স্যার আবদার রহিমের গোঁপ আছে, কিন্তু দাড়ী নাই, অথচ তাঁহার কথা মোল্লাগণের নিকট কোরাণের বাক্য-স্বরূপ, আর সুরাবর্দ্দী ভ্রাতৃযুগলের ত কথাই নাই। চন্দ্রে বরং একটু কলঙ্কের দাগ আছে, তাঁহার মুখমণ্ডলে একটু চিহ্ন পর্য্যন্ত নাই। যদি দাড়ী না রাখিয়া এই কয়জন মুসলমানপুঙ্গব বাঙ্গালার মুসলমান সমাজকে ছায়াবাজীর পুতুলের ন্যায় নাচাইয়া বেড়াইতে পারেন, তবে অবগুণ্ঠন ফেলিয়া দিয়া আফগান মহিষীই বা মুসলমান নারীসমাজের নেতৃত্ব করিতে পারিবেন না কেন?

## উপাধি বিক্রয়ের ব্যবসা।

জ্ঞানেন্দ্রনাথ বসু নামে এক ব্যক্তি নিজেকে কাব্যার্ণব উপাধিধারী এবং কলিকাতা আর্য্য সাহিত্য সমাজের সেক্রেটারী বলিয়া পরিচয় দিয়া নিজ গ্রাম রামচন্দ্রপুরে বসিয়া "উপাধিপাগলা" লোকদিগকে যদৃচ্ছা উপাধি ভিঃ পিঃ তে পাঠাইয়া দিয়া দু' পয়সা উপার্জ্জন করিত সে এক একটা উপাধির জন্য ৩০৲ ৪০৲ ১০০৲ ২০০৲ টাকা পর্য্যন্ত আদায় করিত। পুলিশ অনুসন্ধানে জানিতে পারে, "আর্য্য সাহিত্য সমাজ" নামে কলিকাতায় কোন সমাজ নাই, তাই বরিশালের সদর মহকুমা ম্যাজিষ্ট্রেটের এজলাসে প্রবঞ্চককে অভিযুক্ত করে। বিচারে তাহার ৬ মাস শ্রীঘর বাসের আদেশ হইয়াছে। আমরা এইরূপ প্রবঞ্চকের শাস্তিতে বিশেষ খুসী হইয়াছি। কিন্তু পুলিশকে শুধু ইহাতেই নিরস্ত থাকিলে চলিবে না। আমরা জানি নবদ্বীপে ঐরূপ একটী সভা আছে, সেই সভাও ৪।৫ টাকায় উপাধি বিক্রয় করে। আজকাল আবার বিনা পরীক্ষায় যথাক্রমে ৫, ৪ ও ৩ টাকায় হোমিওপ্যাথিক এম, ডি, এম, বি, ও এল, এম, এস, উপাধি বিক্রয় হইতেছে। গণ্ডমূর্খ অনেক কবিরাজ যাহাদের সংস্কৃত বর্ণজ্ঞান মাত্র নাই, তাহারা ভিষগাচার্য্য, বাচস্পতি, বিদ্যাভূষণ, আয়ুর্ব্বেদাচার্য্য, কবিভূষণ প্রভৃতি বড় বড় উপাধি সাইনবোর্ডে লিখিয়া সাধারণকে প্রতারিত করিতেছে। উপাধি জিনিষটা যেন একটা খেলার সামগ্রী হইয়া দাঁড়াইয়াছে। আমরা পুলিশের দৃষ্টি এদিকে পতিত হইতে দেখিলে সুখী হইব।

## দুঃসংবাদ।

আমরা অতি দুঃখের সহিত প্রকাশ করিতেছি যে বহরমপুর কৃষ্ণনাথ কলেজের ভূতপূর্ব্ব প্রিন্সিপাল বাবু ভূষণচন্দ্র দাস গত সোমবার রাত্রিতে নবদ্বীপে কলেরায় ইহধাম ত্যাগ করিয়া অনন্তধামে গমন করিয়াছেন। অতি অল্প দিন হইল তিনি কার্য্য হইতে অবসর গ্রহণ করিয়াছেন। ভূষণ বাবু অতি বিনয়ী নম্রস্বভাব, মিষ্টভাষী নিরহঙ্কারী ও ছাত্রপ্রিয় প্রিন্সিপাল ছিলেন। তাঁহাকে দেখিলে স্বতঃই মনে হইত যাহাকে ভদ্র বলে ভূষণ বাবু প্রকৃত তাহাই। তাঁহার প্রতি সম্মান প্রদর্শন জন্য স্থানীয় সকল স্কুল কলেজ বন্ধ দেওয়া হইয়াছিল। আমরা শান্তিময়ের নিকট ভূষণ বাবুর আত্মার শান্তি কামনা করিতেছি।

'মুর্শিদাবাদ হিতৈষী'

## সৎকার।

গত ১৪ই শ্রাবণ সোমবার স্থানীয় হাসপাতালে ভুমিহর গ্রামের একজন লোক মারা যায়। সে জাতিতে সদ্‌গোপ। রঘুনাথগঞ্জ ব্যায়াম সমিতির ছেলেরা মিলিত হইয়া লোকটীর অন্তেষ্টিক্রিয়া সম্পন্ন করিয়াছে। আমরা প্রত্যেককে ব্যায়াম সমিতির ছেলেদের অনুকরণ করিতে অনুরোধ করি।

## হারাণ জিনিষ।

আমাদের অফিসের একজন পিওন ট্রেণে একখানি দলিল কুড়াইয়া পাইয়াছে। উহাতে অক্ষয়কুমার ঘোষ পিতার নাম ৺মুকুন্দলাল ঘোষ সাং বহুতালি লেখা আছে। আমার নিকট আসিলে উক্ত দলিল পাইবেন।

পি, এন, মুখার্জ্জি,
পি, ডবলিউ, ডি, অফিস।
পোঃ ধুলিয়ান,
ই, আই, আর।

## প্রেমের পরিণাম।

কনক তরফদার নামক এক ব্যক্তির পত্নীর সহিত অভিরাম তরফদার নামক এক ব্যক্তির গুপ্ত প্রণয় ছিল। একদিন অভিরাম কনকের গৃহে কনকের পত্নীর নিকট গমন করিলে কনক অভিরামের তলপেটে বর্ষার দ্বারা আঘাত করে। আহত হইয়া গৃহে আসিয়া অভিরাম

# জঙ্গিপুর সংবাদের

## ক্রোড় পত্র।

১৬ই শ্রাবণ বুধবার ১৩৩৫, ইংরাজী ১লা আগষ্ট ১৯২৮।


### বিগ্রহ চুরিতে দুই বৎসর।

—•—

হুগলী—বালীর শ্রীযুক্ত তুলসীচরণ বর্ম্মণ নামক এক ভদ্রলোকের বাটী হইতে প্রায় তিন হাজার টাকা মূল্যের স্বর্ণ-সিংহাসন ও রত্নালঙ্কারের সহিত গোপাল বিগ্রহ অপহৃত হয়। ঐদিন তাঁহার একজন দ্বারবান অদৃশ্য হয়। পুলিশ এই সংবাদ পাইয়া মগরা ষ্টেশনে ঐ দ্বারবানকে গ্রেপ্তার করে। তাহার কাছেই অপহৃত বিগ্রহ প্রভৃতি ছিল। হুগলীর ম্যাজিষ্ট্রেটের বিচারে দ্বারবানের দুই বৎসরের জন্য সশ্রম কারাদণ্ড হইয়াছে।

### সেলামের দাবিতে প্রহার।

—•—

কানপুরের লালিমলি মিলের বংশীধর মজহুর নামক একজন ভারতীয় কর্ম্মচারী মিলের বয়ন বিভাগের ভারপ্রাপ্ত শ্বেতাঙ্গ কর্ম্মচারীকে সেলাম না করায় উক্ত শ্বেতাঙ্গ কর্ত্তৃক প্রহৃত হইয়াছে। বংশীধারী শ্বেতাঙ্গের নামে ফৌজদারি মোকর্দ্দমা করিয়াছে।


বেঙ্গল আয়ুর্ব্বেদিক ওয়ার্কস্‌এর

চাঁদ মার্কা পাচন

ম্যালেরিয়া এবং অন্যান্য সর্ব্বপ্রকার জ্বরের মহৌষধ।

নুতন জ্বর এক দিনে পুরাতন জ্বর তিন দিনে আরোগ্য হয়।

ম্যালেরিয়াযুক্ত স্থানে নিয়মিত সেবনে রোগের আক্রমণ ভয় থাকে না।

সর্ব্বত্র এজেন্ট আছে।

সোল এজেন্টস্‌ —

বসাক ফ্যাক্টরী

৩নং ব্রজদুলাল ষ্ট্রীট

কলিকাতা



রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

অত্যাশ্চর্য্য ব্যাপার।

সন্ন্যাসী প্রদত্ত ঔষধ।

হাঁপ, যক্ষ্মা, কাশি, অম্লপিত্ত, রক্তপিত্ত, অতিসার, অর্শ, মেহ, প্রমেহ, ধ্বজভঙ্গ, একশিরা, মূর্চ্ছা, বাধক, সুতিকা, নাসা, কুষ্ঠ, গোদ ইত্যাদি যাবতীয় রোগ ১ সপ্তাহে আরোগ্য হইবে। বেশীদিনের অসুখ হইলে ২ সপ্তাহ কাল ঔষধসেবন করিতে হইবে। ইহা ছাড়া সকল প্রকার মাদুলীও পাওয়া যাইবে। একবার পরীক্ষা করিয়া দেখুন। নিবেদন ইতি—

নিবেদক—কবিরাজ শ্রীশ্রীদামচন্দ্র কর্ম্মকার।
জঙ্গিপুর, ( মুর্শিদাবাদ।

MOTOR CARS  MOTOR BUS

# THE NEW FORD.

## নূতন মডেল ফোর্ড কার

এবারে আসিয়াছে।

ইহাতে স্পোক হুইল, চারি চাকায় ব্রেক ও শক্ এবজরভার এবং গিয়ারযুক্ত ইহার ডিজাইন সম্পূর্ণ নূতন। সম্মুখে পশ্চাতে বাম্পার, স্পীডো-মিটার, মাইল মিটার, আম্ মিটার, পেট্রল মিটার, ষ্টপ লাইট, ড্যাস লাইট ইত্যাদি নানারূপ নূতনতর ফিটিংস্ দ্বারা সুসজ্জিত।

এরূপ সর্ব্বসুন্দর গাড়ী এত অল্প দামে ইতিপূর্ব্বে কখনও বিক্রয় হয় নাই।

ইহা ৪০ ঘোড়ার ক্ষমতাযুক্ত, ঘণ্টায় ৬০ মাইল স্পীড্ এবং এক গ্যালন পেট্রলে ৩০ মাইল রাস্তা যাইবে।

**দাম—২৪৫০৲ টাকা।** কিস্তি করিয়া টাকা দিবার উত্তম ব্যবস্থাও আছে।

বিস্তারিত বিবরণের জন্য স্থানীয় এজেণ্টস্‌কে পত্র লিখুন বা এখানে আসিয়া গাড়ীতে চড়িয়া স্বয়ং পরীক্ষা করিয়া দেখিতে পারেন।

Ford SALES AND SERVICE

বনয়ারীলাল মুখার্জ্জী এণ্ড সন্স।
খাগড়া পোঃ ( মুর্শিদাবাদ )

## আর কিসের ভাবনা

ডাঃ ব্যানার্জ্জির আবিষ্কৃত ঔষধ ব্যবহার করিয়া নিরাময় হউন।

**জ্বরাঙ্কুশ**—সর্ব্বপ্রকার জ্বরের অমোঘ অব্যর্থ মহৌষধ। শত শত রোগী আরোগ্য লাভ করিয়া ইহার গুণকীর্ত্তন করিতেছে, খাইতে খারাপ নহে। মূল্য ॥৵০

**নিমোলীন**—পাচড়া, খোস, চুলকনা, সর্ব্বপ্রকার ক্ষত ঘা, উপদংশ ঘা প্রভৃতির মহৌষধ। তিন দিন ব্যবহার করিলে নিশ্চয়ই আরোগ্য হইবে। ব্যবহারে জ্বালা যন্ত্রণা নাই। মূল্য মাত্র ।৵০

**সর্ব্বদদ্রুনাশন**—বাজারের দাদের মলম হইতে ভাল কিনা পরীক্ষা করিলেই বুঝিতে পারিবেন। কাপড়ে দাগ লাগিবে না। ব্যবহারে জ্বালা যন্ত্রণা নাই। মূল্য ।০

পাইকারী ডজন দর স্বতন্ত্র। মাশুল পৃথক লাগিবে। এজেণ্টগণের সহিত বিশেষ ব্যবস্থা করা যায়।

সোল এজেণ্ট :—ব্যানার্জ্জি কোং।
রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

ডাঃ এন, এল, পালের

## সুদর্শন সার।

—০—

( সর্ব্ববিধ জ্বরের অমোঘ ব্রহ্মাস্ত্র। )

দুই দিন সেবন করিলেই ফল বুঝিতে পারিবেন। বিশেষতঃ ম্যালেরিয়া জ্বরের হাত হইতে নিষ্কৃতি পাইতে হইলে সুদর্শন সার ব্যবহার করুন। প্লীহা ও যকৃত সংযুক্ত জ্বরে ইহা মন্ত্র শক্তির ন্যায় কার্য্য করে। মূল্য প্রতি শিশি ৸০ বার আনা। পাইকারী দর স্বতন্ত্র।

ডাক্তার নন্দলাল পাল এণ্ড সন্স।
রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

প্রাণত্যাগ করিয়াছে। আসামী কনককে আলিপুরের দায়রায় সোপর্দ্দ করা হইয়াছে।

---

## নিলামের ইস্তাহার।

### চৌকী জঙ্গিপুর প্রথম মুন্সেফী আদালত।

### নীলামের দিন ১৫ই আগষ্ট ১৯২৮।

—•—

৩২৭ খাং ডিঃ নবাব বাহাদুর অব মুর্শিদাবাদ দেং আনন্দলাল দাস দাবি ৪৭।৵৩ পং কাকজোল মৌজে বল্লালপুর ২'০৩ একর জমির কাত ৬৸৵৩ আঃ ৪০৲

২০৩ মনি ডিঃ বিনোদবিহারী দাস দেং অশ্বিনীকুমার মাঝি দাবি ৮৫৭৲৫ মৌজে পাকুলিয়া ৩৮৴ কাত ১৮৲ অন্তর্গত ১০॥৪ বিঘা মায় বাস্ত বাটী আঃ ২০০৲

৩২৪ মনি ডিঃ জিয়াচী তামুলিনী দেং ফকিরচন্দ্র সরকার দিং দাবি ৭৮৸৵০ পং গনকর মৌজে রাণীনগর ৩/২ কাত ১০৵১৭॥ আঃ ৪০৲ ২নং লাট মৌঃ রাজানগর ১॥০ কাত ১॥৴০ আঃ ১৫৲

---

### চৌকি জঙ্গিপুর দ্বিতীয় মুন্সেফী আদালত।

### নিলামের দিন ১৮ই আগষ্ট ১৯২৮।

—•—

২০৮ খাং ডিঃ সরোজকুমার মুখোপাধ্যায় দেং গদাধর মিশির দাবি ১৫০৲৩ পং নওয়ানগর মৌজে চক নগরাপাড়া ১০৴ কাত ২৯॥৵০ মহকুপ আসান ৮৸৵০ বাদে ২০॥১০ আঃ ১০০৲

৩৬১ খাং ডিঃ কালীচরণ সিংহ দেং সতীশ সর্দ্দার দিং দাবি ১৭।৴০ পং দশহাজারী মৌজে পঁচুল্যা গ্রাম ১।০ কাত ২৫৷৷ আঃ ৫৲

৩৬৩ খাং ডিঃ ঐ দেং কৃষ্ণলাল সিংহ দাবি ৬৫।৴৩ পং ঐ মৌজে ভবানীপুর ১০/২॥ কাত ১০॥৴১০ আঃ ৪০৲

৪২২ খাং ডিঃ ঐ দেং ভূপেন্দ্রনারায়ণ ত্রিবেদী দাবি ৩৮৸৯ পং মুরারীপুর মৌজে চামুণ্ডা ৫৴০ কাত ১০৲ আঃ ৩০৲

৪২৪ খাং ডিঃ ঐ দেং আকশোধ সেখ দাবি ২৯॥৴৯ পং গনকর মৌজে নওপাড়া ৪।০ কাত ৭৵৪ আঃ ২০৲

৪২৬ খাং ডিঃ ঐ দেং জানবর মোল্লা দাবি ৬৩॥৵০ পং মৌজে ঐ ১৩।২৸ কাত ১৯৴০ আঃ ৫০৲

৪২৮ খাং ডিঃ ঐ দেং কন্দর্প পাল নাবালক পক্ষে অলি অত্রাদালতের একাউণ্ট্যাণ্ট বাবু রঘুনাথ দত্ত দাবি ২১।৬ পং মুরারীপুর মৌজে চামুণ্ডা ১৴০ কাত ৩॥৴১২ আঃ ১৫৲

৪৫৮ খাং ডিঃ মহারাজ বাহাদুর সিংহ দেং সুধাংশুভূষণ দাস গুপ্ত দাবি ১৫৫৸৵৬ পং গোয়াস মৌজে গোকুলতা ১৪৴০ কাত ২৩/১৬॥ আঃ ১৫০৲

৪৯৯ খাং ডিঃ নিত্যকালী দাসী দেং অন্নপূর্ণা বৈষ্ণবী দাবি ৫০।৴৯ পং মাশুমাবাদ মৌজে মাশুমাবাদ ওরফে মির্জ্জাপুর।০ চারি আনা ১১৴০ কাত ৭৲ আঃ ৪০৲

৫২২ খাং ডিঃ সুহৃদনয়নী দাসী দিং দেং জামিরণ বিবি দাবি ১৪৲৬ পং কোঙরপ্রতাপ মৌজে বয়ার ৸১ কাত ১৲ আঃ ৭৲

৪৫ মর্গেজ ডিঃ গৌরচন্দ্র কর্ম্মকার দেং মৃত হসিবুল্যা সেখের ওয়ারিশ নেগার বিবি, সুখনী বিবি গুলাব বিবি নাবালিকাদ্বয় পক্ষে কোর্ট গার্জ্জেন উকিল মলিনচন্দ্র দাস দাবি ১৩৯।৵১৫ পং দেওয়ানপুর মৌজে খাপড়া ১/২ জমি আঃ ৫০৲ ২নং লাট পং কাকজোল মৌজে পরাণপাড়া ॥০৸০ আঃ ২৫৲ ৩নং লাট পং কাকজোল মৌজে সাঁকোপাড়া ১॥২॥ জমি আঃ ৫০৲

---

ব্যাঙের ঐ কট কট্ শব্দেই সাবধান হ'ন!




বর্ষার জলে যখন খানা ডোবা গুলি ভেসে যায় ব্যাঙের কট্ কট্ শব্দে প্রাণ অস্থির ক'রে তোলে। মশার উপদ্রবও সেই সময়েই বাড়ে ও সঙ্গে সঙ্গে ম্যালেরিয়া ছড়ায়।

ম্যালেরিয়ায় আক্রান্ত হ'লে

——অমৃতাদি বটিকা——

ব্যবহার ক'রবেন। বিগত ৫০ বছরে অনেকেই সুফল পেয়েছেন। ৪৫ বটিকা পূর্ণ এক কৌটা ১৲ এক টাকা।

সি, কে, সেন এণ্ড কোং লিঃ,

২৯ কলুটোলা, কলিকাতা।

---

## শুভ বিবাহ উপযোগী জামা ও কাপড়।

সকল শ্রেণীর সকল লোকের উপযুক্ত সকল রকম ফুলের নূতন নূতন ডিজাইন'এর বেনারসী সাড়ী, পার্শী, বোম্বাই ও মাদ্রাজী সাড়ী, চেলি, তসর, গরদ, মটকা। সকল রকম দেশী তাঁতের কাপড়। জ্যাকেট, সেমিজ, মোজা, গেঞ্জী, রুমাল, তোয়ালে ইত্যাদি। যাঁহার যাহা আবশ্যক সমস্ত দ্রব্য একস্থানে বসিয়া একদরে পাইবেন। মূল্য বেশী কিম্বা অপছন্দ হইলে টাকা ফেরত দিয়া থাকি। মফঃস্বল অর্ডার যত্নের সহিত ভিঃ পিতে পাঠান হয়। পরীক্ষা প্রার্থনীয়।

# কৃষ্ণলাল মনিলাল এণ্ড কোং

## ২০৭-৩ হ্যারিসন রোড (বড়বাজার) কলিকাতা।

সুস্থ শরীরে প্রহরী ও ভগ্ন স্বাস্থ্যের পক্ষে
অমৃত সঞ্জীবনী কে?

## আতঙ্ক নিগ্রহ বটীকা।

এই বটীকা সুস্থ শরীরে সেবন করিলে যেমন শরীরকে অসুস্থ হইতে দেয় না, তেমনই অসুস্থ শরীরে সেবন করিলেও ব্যাধি হইতে সত্বরই নিরাময় হওয়া যায়। এই বটীকা যদি শুক্র-তারল্যে, স্বপ্নদোষে, অকালিক ক্ষয়ে, প্রমেহে, কোষ্ঠ কাঠিন্যে, অজীর্ণে, প্রস্রাব সম্বন্ধীয় পুরুষের রোগে সেবন করা যায়, তবে অব্যর্থ ফল প্রদান করে। ইহা স্ত্রীলোকের ব্যাধিতেও অসীম ফলদায়ক। ইহা সকল ঋতুতেই সেবন করা যায়। এই বটীকা শুদ্ধ গাছ গাছড়া দ্বারা প্রস্তুত। প্রতি কৌটার মূল্য ১৲ এক টাকা।

প্রাপ্তিস্থান:—
বৈদ্য শাস্ত্রী।
২১৪নং বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

নিম্নঠিকানায়ও এই ঔষধ বিক্রয় হয়।
জঙ্গিপুর সংবাদ আফিস।
রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

## সুরমা

### ফুলশয্যায় সুরমা।

আবার বিবাহের সময় আসিতেছে আবার বিধাতার বিধানে অনেক নরনারীর ভাগ্যলিপি সমসূত্রে আবদ্ধ হইবার মাহেন্দ্রক্ষণ আসিতেছে। মনে রাখিবেন বিবাহের তত্ত্বে, বর-ক'নের ব্যবহারের জন্য, ফুলশয্যার দিনে সুরমার বড়ই প্রয়োজন। ফুলশয্যার রাত্রে কোন বাড়ীর মহিলারা সুরমা ব্যবহার করিলে, ফুলের খরচ অনেক কম হইবে। "সুরমার" সুগন্ধে শত বেলা, সহস্র মালতীর সৌরভ গৃহ-কক্ষে ফুটিয়া উঠিবে। সমস্ত মঙ্গলকার্য্যেই "সুরমার" প্রচলন। বড় এক শিশি সুরমায় অর্থাৎ সামান্য ৸৹ বার আনা ব্যয়ে অনেক কুলমহিলার অঙ্গরাগ হইতে পারে।

বড় এক শিশির মূল্য ৸৹ বার আনা; ডাকমাশুল ও প্যাকিং ৷৵৹ এগার আনা। তিন শিশির মূল্য ২৲ দুই টাকা মাত্র; মাশুলাদি ১।৵৹ এক টাকা পাচ আন।

### সোমবল্লী-কষায়।

আমাদিগের এই সালসা ব্যবহারে সকলপ্রকার বাত, উপদংশ, সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, পারা-বিকৃতি ও যাবতীয় দুষ্টক্ষত নিশ্চয়ই আরোগ্য হয়। অধিকন্তু ইহা সেবন করিলে, শারীরিক দৌর্ব্বল্য ও কৃশতা প্রভৃতি দূরীভূত হইয়া শরীর হৃষ্ট-পুষ্ট এবং প্রফুল্ল হয়। ইহার ন্যায় পারাদোষনাশক ও রক্তপরিষ্কারক সালসা আর দৃষ্ট হয় না। বিদেশীয়দিগের বিলাতী সালসা অপেক্ষা ইহা অধিক উপকারক। ইহা সকল ঋতুতেই বালক-বৃদ্ধ-বনিতাগণ নির্ব্বিঘ্নে সেবন করিতে পারেন। সেবনের কোনরূপ বাঁধাবাঁধি নিয়ম নাই। এক শিশির মূল্য ১॥৹ টাকা; ডাঃ মাঃ ও প্যাকিং ১৵৹ এক টাকা তিন আনা।

### জ্বরাশনি।

জ্বরাশনি—ম্যালেরিয়ার ব্রহ্মাস্ত্র। জ্বরাশনি—যাবতীয় জ্বরেই মন্ত্রশক্তির ন্যায় উপকার করে। একজ্বর, পালাজ্বর, কম্পজ্বর, প্লীহা ও যকৃৎঘটিত জ্বর, দ্বৈকালীন জ্বর, মজ্জাগত ও মেহঘটিত জ্বর, ধাতুস্থ বিষমজ্বর, এবং মুখনেত্রাদির পাণ্ডুবর্ণতা, ক্ষুধামান্দ্য, কোষ্ঠবদ্ধতা, আহারে অরুচি, শারীরিক দৌর্ব্বল্য, বিশেষতঃ কুইনাইন সেবনে যে সকল জ্বর আরোগ্য না হয়, সে সমস্তই এই ঔষধ সেবনে নিঃসন্দেহরূপে নিবারিত হয়। ইহার সহায়তায় যে কত নিরাশ রোগী নবজীবন লাভ করিয়াছেন, তাহার ইয়ত্তা নাই। এক শিশির মূল্য ১৲ এক টাকা, মাশুলাদি ১৵৹ এক টাকা তিন আনা।

### মিল্‌ক অব্‌ রোজ্

ইহার মনোরম গন্ধ জগতে অতুলনীয়। ব্যবহারে ত্বকের কোমলতা ও মুখের লাবণ্য বৃদ্ধি পায় ব্রণ, মেচেতা, ছুলি, ঘামাচি প্রভৃতি চর্ম্মরোগ সকলও ইহাদ্বারা অচিরে দূরীভূত হয় মূল্য বড় শিশি ॥৹ আট আনা, মাশুলাদি ।৵৹ সাত আনা।

যাবতায় কবিরাজি ঔষধ, তৈল, ঘৃত, মোদক, অবলেহ, আসব, অরিষ্ট, মকরধ্বজ, মৃগনাভি এবং সকলপ্রকার জারিত ধাতুদ্রব্য আমরা অতি বিশুদ্ধরূপে প্রস্তুত করিয়া, যথেষ্ট সুলভদরে বিক্রয় করিতেছি। এরূপ খাঁটি ঔষধ অন্যত্র দুর্লভ।
রোগিগণ স্ব স্ব রোগবিবরণ লিখিয়া পাঠাইলে, আমরা অতি যত্নসহকারে উপযুক্ত ব্যবস্থা পাঠাইয়া থাকি। ব্যবস্থা ও উত্তরের জন্য অর্দ্ধ আনার ডাক-টিকিট পাঠাইবেন

কবিরাজ—শ্রীশক্তিপদ সেন।
আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।
১৯১২ নং লোয়ার চিৎপুর রোড, ট্রেটিবাজার, কলিকাতা।

## ইলেক্‌ট্রিক সলিউসন্




মনুষ্যের জীবনধারণের প্রধান উপাদান বৈদ্যুতিক শক্তি বা তাড়িৎ। মানব দেহে বৈদ্যুতিক শক্তি সমভাবে থাকিলে মনুষ্য নীরোগ ও দীর্ঘায়ু হয়, বৈদ্যুতিক শক্তির হ্রাস হইলেই মনুষ্যের মৃত্যু ঘটিয়া থাকে। যাহাতে মানবদেহের বৈদ্যুতিক শক্তি সমভাবে থাকিয়া মনুষ্যকে নীরোগ ও দীর্ঘায়ু করে, তজ্জন্য আমেরিকার সুপ্রসিদ্ধ ডাক্তার পেটাল সাহেব এই ঔষধ আবিষ্কার করিয়াছেন। ইহা বৈদ্যুতিক ও রাসায়নিক বলে প্রস্তুত। ইহাতে প্রায় সমুদয় রোগই বৈদ্যুতিক বলে অতি অল্পক্ষণ মধ্যে আরোগ্য হইয়া থাকে। ধাতু দৌর্ব্বল্য, শুক্রের অল্পতা, পুরুষত্ব হানি, অগ্নিমান্দ্য, অজীর্ণ, অর্শ, উদরাময়, কোষ্ঠবদ্ধতা, অম্লশূল, শিরঃপীড়া, সর্ব্বপ্রকার প্রমেহ, বহুমূত্র, দুঃস্বপ্ন, বাত, পক্ষাঘাত, পারদ সংক্রান্ত পীড়া, স্ত্রীলোকদিগের বাধক, বন্ধ্যা, মৃতবৎসা, সূতিকা, শ্বেত-রক্ত প্রদর, মূর্চ্ছা, হিষ্টিরিয়া, বালকদিগের ঘুংড়ি, বালসা, সর্দ্দি, কাশি, প্রভৃতির পক্ষে ইহা মন্ত্রঃপূত মহৌষধ। ডাক্তারি কবিরাজী ও হাকিমী চিকিৎসায় যাঁহারা রাশি রাশি অর্থব্যয় করিয়াও সফলমনোরথ হন নাই, এই ঔষধে তাঁহারা নিশ্চয় সুফল প্রাপ্ত হইবেন। ইহার একমাত্রা সেবনে মস্তিষ্ক স্নিগ্ধ, মনে আনন্দ ও স্ফূর্ত্তির সঞ্চার হয় এবং শরীর নববলে বলীয়ান হইয়া উঠে। একমাস ব্যবহারের উপযোগী প্রতি শিশি মায় মাশুল সমেত ১॥৹ দেড় টাকা।


অনুগ্রহ করিয়া নাম ও ঠিকানা স্পষ্ট করিয়া লিখিবেন।

সোল এজেণ্ট—ডিঃ ডিঃ হাজরা।
ফতেপুর, গার্ডেনরিচ পোঃ। কলিকাতা।

## বেঙ্গল হোমিও কেমিকেল ওয়ার্কস

আনন্দ ঔষধে সারে
আমলু পিত্তরোগে।
পেপ—অজীর্ণ ও অম্ল।
বিস—হিষ্টিরিয়ায়।
লুং—হাঁপানী।
হর—চুলকানি।
আরও অনেক ঔষধ আছে

ফোড়া,
বাগী,
কাকবিড়ালা,
ঠুন্‌কা,
উরুস্তম্ভ,
শীতলী,
ভগন্দর,
ব্রণ,
পৃষ্ঠব্রণ,







বঙ্গদেশে আবিষ্কার আমেরিকায় নয়।
এ দেশের রোগীর পক্ষে অব্যর্থ নিশ্চয়।

কর্ণমূল প্রভৃতি বিনা অস্ত্রে আরোগ্য হয়। মূল্য ১৲

"দামোদর সুধা" ম্যালেরিয়া জ্বরে। "রত্নাকর সালসা" রক্ত পরিষ্কারে।
দুর্ব্বলের বল বাড়ে "ভাইট্যালিন" সেবনে। কলেরাতে "স্পিরিট ক্যাম্ফর" রাখুন যতনে।
"সুশীতল তৈল" মস্তিষ্ক শীতলে। নষ্ট হয় চর্ম্মরোগ "একজিন" মাখিলে।

ডাক্তার—বি, রায় এণ্ড কোং কেমিষ্টস্।
ফতেপুর, পোষ্ট গার্ডেন রীচ, কলিকাতা
পত্র লিখিলে বিনামূল্যে ১টী দিন পঞ্জিকা পাইবেন

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে—শ্রীবিনয় কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত